

## ১। AICTE: ALL INDIA COUNCIL FOR TECHNICAL EDUCATION

মানবসম্পদ উন্নয়ন মন্ত্রকের উচ্চ শিক্ষা দপ্তরের অধীনে কারিগরি শিক্ষা জন্য অল ইন্ডিয়া কাউন্সিল (AICTE) একটি সংবিধিবদ্ধ ও কারিগরি শিক্ষার জন্য একটি জাতীয় পর্যায়ের কাউন্সিল। 1945 তে নভেম্বর এ একটি পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে, এবং পরে 1987 তে পার্লামেন্টে একটি আইন দ্বারা সংবিধিবদ্ধ সংস্থা হিসাবে প্রতিষ্ঠিত হয়। ভারতের মধ্যে কারিগরি শিক্ষা (technical education) ও ব্যবস্থাপনা শিক্ষা (management education) ব্যবস্থার সঠিক পরিকল্পনা ও সমন্বিত উন্নয়নের জন্যে দায়ী। হেডকোয়ার্টার নিউ দিল্লি।

### উদ্দেশ্যঃ

- ১। কারিগরি শিক্ষার গুণগত মান উন্নয়ন।
- ২। কারিগরি শিক্ষা ব্যবস্থার পরিকল্পনা ও সমন্বয় উন্নয়ন (co-ordinated development)।
৩. কারিগরি শিক্ষার নিয়ম ও গুণমান (Norm & standard) এর রেগুলেশন এবং রক্ষণাবেক্ষণ।
৪. কারিগরি শিক্ষা নতুনত্বের প্রবর্তন, গবেষণা, নতুন প্রযুক্তির বিকাশ ও উন্নয়ন।
- ৫। নারী, প্রতিবন্ধী এবং দুর্বলশ্রেণির জন্য কারিগরি শিক্ষার প্রসারের জন্য স্কিম প্রণয়ন।
- ৬। কারিগরি শিক্ষা ব্যবস্থার সাথে গবেষণা সংস্থা, শিল্প সংস্থা ও অন্যান্য সংস্থার যোগাযোগ রক্ষা।
- ৭। কারিগরি প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয় এর কারিগরি শিক্ষাবিভাগের জন্য উপযুক্ত কর্মক্ষমতা মূল্যায়ন সিস্টেম গড়ে তলা।
- ৮। কারিগরি শিক্ষার বাণিজ্যিকীকরণ প্রতিরোধ করতে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করা।
- ১০। কারিগরি শিক্ষার প্রতিষ্ঠানে নকশা ভিত্তিক শিক্ষণ (design oriented teaching) নিশ্চিত করা যাতে ছাত্ররা তত্ত্ব (theory) চেয়ে practice এর মাধ্যমে বেশি শেখে।
- ১১। ছাত্ররা যাতে শিল্প ও উৎপাদন প্রক্রিয়ার (industrial & manufacturing process) মাধ্যমে নিজেদের বেশি প্রকাশ করতে পারে তার সুযোগ সৃষ্টি।
- ১২। প্রশিক্ষনের ব্যবস্থা করা ও সেই সংক্রান্ত শিক্ষাকেন্দ্র গড়ে তলা।

## ২। RCI: REHABILITATION COUNCIL OF INDIA(RCI)

প্রতিষ্ঠিত - ১৯৮৬

### উদ্দেশ্যঃ

- ১। প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন ক্ষেত্রে মাস্টার্স ডিগ্রী / স্নাতক / P.G. ডিপ্লোমা / সার্টিফিকেট কোর্স, চলমান প্রতিষ্ঠান / সংগঠন / বিশ্ববিদ্যালয় শিক্ষাপ্রতিষ্ঠানগুলিকে অনুমোদন দেওয়া।
- ২। প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন ক্ষেত্রে প্রশিক্ষণ পরিকল্পনা ও কর্মসূচী নিয়ন্ত্রণ।
- ৩। প্রতিবন্ধী ব্যক্তিদের শিক্ষার সাথে যুক্ত ব্যক্তিদের / পেশাদারদের ন্যূনতম শিক্ষামান নিরধারন করা এবং সারা দেশে প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলিতে একই ধরনের উপযুক্ত গুণমান সম্পন্ন প্রশিক্ষণ কর্মসূচীর বজায় রাখা।
- ৪। পুনর্বাসন ও বিশেষ শিক্ষার গবেষণা মান উন্নীত করা
- ৫। ভারত ও বিদেশে প্রতিষ্ঠান থেকে প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন ক্ষেত্রে শিক্ষা ও প্রশিক্ষণের সংক্রান্ত নিয়মিত ভিত্তিতে তথ্য সংগ্রহ করা।

৬। জনশক্তি উন্নয়ন কেন্দ্র হিসেবে বৃত্তিমূলক পুনর্বাসন কেন্দ্রগুলির অনুমোদন। এবং এই কেন্দ্রগুলিতে কর্মরত বৃত্তিমূলক প্রশিক্ষক এবং অন্যান্য কর্মিবৃন্দদের নাম নতিভুক্তকরণ।

## **MCI: MEDICAL COUNCIL OF INDIA**

প্রতিষ্ঠিত- ১৯৩৪

ভারতের মেডিকেল কাউন্সিল (MCI) ভারতে চিকিৎসা ব্যবস্থা, শিক্ষার অভিন্ন এবং উচ্চ মান প্রতিষ্ঠার জন্য একটি সংবিধিবদ্ধ সংস্থা।

### **উদ্দেশ্যঃ**

- ১। চিকিৎসার জন্য ন্যূনতম যোগ্যতা নিরূপণ করা, চিকিৎসা সংক্রান্ত প্রতিষ্ঠানের অনুমোদন দান, চিকিৎসকদের রেজিস্ট্রেশন মঞ্জুর এবং ভারতে চিকিৎসা সংক্রান্ত বিষয় নিরীক্ষণ।
- ২। চিকিৎসা শিক্ষার সঠিক মান বজায় রাখার জন্য পরিদর্শন।
- ৩। নতুন মেডিকেল কলেজের অনুমতি দেওয়া, P.G. সহ নতুন কোর্স বা উচ্চ কোর্স ও আসন বৃদ্ধি সংক্রান্ত বিষয় তদারকি করা।
- ৪। চিকিৎসা সংক্রান্ত ভারতীয় যোগ্যতা / বিদেশি যোগ্যতার স্বীকৃতি / অ-স্বীকৃতি।
- ৫। রাজ্য মেডিকেল কাউন্সিল এর সাথে যোগাযোগ রক্ষা।

## **BCI: BAR COUNCIL OF INDIA**

প্রতিষ্ঠিত - ১৯৬১

ভারতে আইন অনুশীলন এবং আইনি শিক্ষা নিয়ন্ত্রণ সংক্রান্ত একটি বিধিবদ্ধ সংস্থা হল Bar Council of India।

### **উদ্দেশ্যঃ**

- ১। advocates দের জন্য পেশাদারী আচরণ এবং শিষ্টাচার মান নির্ধারণ।
- ২। advocates দের অধিকার, বিশেষ সুযোগ সুবিধা এবং স্বার্থ রক্ষা।
- ৩। আইন সংস্কার ও তার প্রবর্তন।
- ৪। আইনি শিক্ষা প্রচার, প্রবর্তন এবং আইনি শিক্ষার গুণমান বজায় রাখা।
- ৫। উকিল হিসাবে তালিকাভুক্তির জন্য বিশ্ববিদ্যালয় এর আইন ডিগ্রীর একটি যোগ্যতা নির্ধারণ।
- ৬। বিশিষ্ট আইন বিশেষজ্ঞদের নিয়ে আইনি বিষয়ের উপর সেমিনার পরিচালনা এবং পত্রিকা প্রকাশ।
- ৭। দরিদ্র ও তফসিলি জাতিদের আইনী সহায়তা প্রদান।
- ৮। ভারতে একটি উকিল হিসাবে কাজের জন্য বিদেশি ডিগ্রির মান নির্ধারণ।

## **DEB: DISTANCE EDUCATION BUREAU**

প্রতিষ্ঠিত -1912

### **উদ্দেশ্য**

- ১। মুক্ত বিশ্ববিদ্যালয় বা দূরাগত শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, তাদের অনুমোদন।
- ২। দূরাগত শিক্ষা বা মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠান সমূহের গুণমান উন্নয়ন।
- ৩। বিভিন্ন দূরাগত শিক্ষা বা মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠানের মধ্যে সংযোগ ও সমন্বয় সাধন।

- ৪। বিশ্ববিদ্যালয় স্তরে শিক্ষায় বিভিন্ন নমনীয়, উদ্ভাবনী শিখন-শিক্ষন সিস্টেমের উদ্ভাবন ও সুগুলির ব্যবহারে উৎসাহিত করা।
- ৫। মুক্ত বিশ্ববিদ্যালয় বা দূরাগত শিক্ষা প্রতিষ্ঠান সমূহের আর্থিক সাহায্য ও অন্যান্য সব দিক তদারকি করা।
- ৬। মুক্ত বিশ্ববিদ্যালয় বা দূরাগত শিক্ষা প্রতিষ্ঠান দ্বারা প্রস্তুত বিভিন্ন নির্দেশনামূলক উপকরণগুলির বিনিময় ও সমন্বয়।
- ৭। নতুন দূরশিক্ষা প্রতিষ্ঠান স্থাপন বা পুরনো প্রতিষ্ঠানে নতুন শিক্ষা কর্মসূচি চালু, রূপায়নে রাজ্য সরকার, বিশ্ববিদ্যালয় এবং সেই সংশ্লিষ্ট অন্যান্য সংস্থাকে পরামর্শদান।
- ৮। মুক্ত বিশ্ববিদ্যালয় বা দূরাগত শিক্ষা প্রতিষ্ঠান সমূহের কার্যকারিতা মূল্যায়ন করা।